জরুরি

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড,ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.১৯১

তারিখ: ২৯ কার্তিক ১৪২৯
১৪ নভেম্বর ২০২২

বিষয়: **বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের পানি নিষ্কাশন অবকাঠামো সংক্রান্ত তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক নির্মিত পানি নিষ্কাশন অবকাঠামোসমূহের সার্বিক অবস্থা সম্পর্কিত একটি সমীক্ষা আইডব্লিউএম কর্তৃক সম্পাদন করা হয়েছে। পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় বাপাউবো’র পানি নিষ্কাশন অবকাঠামোসমূহের সার্বিক অবস্থার তথ্যাদি জরুরীভিত্তিতে হালনাগাদকরণের সদয় নির্দেশনা প্রদান করেছেন। প্রতিমন্ত্রী মহোদয়ের নির্দেশনার আলোকে আপনার জোনের আওতাধীন দপ্তরসমূহের অধিক্ষেত্রে বিদ্যমান পানি নিষ্কাশন অবকাঠামোসমূহের (স্লুইস, রেগুলেটর, বোটপাস কাম রেগুলেটর) মোট সংখ্যা, কত সংখ্যক সচল আছে, কত সংখ্যক আংশিক সচল আছে, কত সংখ্যক অচল ইত্যাদি তথ্যাদি প্রয়োজন। অবকাঠামোসমূহ অচল/আংশিক অচল হলে তা যান্ত্রিক কারণে অচল/আংশিক অচল অথবা অবকাঠামোর সন্মুখে পলিভরাট হওয়ার কারণে কিনা তা মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।

এমতাবস্থায়, নিম্নোক্ত ছক অনুসারে আপনার জোনের আওতাধীন দপ্তরসমূহের অধিক্ষেত্রে বিদ্যমান পানি নিষ্কাশন অবকাঠামোসমূহের তথ্যাদি জোন সমন্বিত আকারে জরুরীভিত্তিতে আগামী ২০.১১.২০২২খ্রিঃ এর মধ্যে অত্র দপ্তরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

“ছক”

জোনের নামঃ

| ক্রঃ নং | পওর/পানি উন্নয়ন বিভাগের নাম | পোল্ডার/প্রকল্পের নাম | পোল্ডার/প্রকল্পের অবস্থান | বিদ্যমান পানি নিষ্কাশন অবকাঠামোসমূহের মোট সংখ্যা (টি) | সচল পানি নিষ্কাশন অবকাঠামোসমূহের সংখ্যা (টি) | আংশিক সচল পানি নিষ্কাশন অবকাঠামোসমূহের সংখ্যা (টি) | অচল পানি নিষ্কাশন অবকাঠামোসমূহের সংখ্যা (টি) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

**বিষয়টি অতীব জরুরী।**

১৪-১১-২০২২
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)
ফোন: ০২-২২২২৩০১০০
ইমেইল:
ce.monitoring@bwdb.gov.bd

প্রধান প্রকৌশলী, বাপাউবো, রাজশাহী/রংপুর/ফরিদপুর/
বরিশাল/খুলনা/ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট।

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.১৯১/১(৫)

তারিখ: ২৯ কার্তিক ১৪২৯
১৪ নভেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
২) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৩) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৫) সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (পত্রটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১৪-১১-২০২২
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)